

# Global Technology Summit 2022 (November 29 –

December 01, 2022)

November 28, 2022

## আন্তর্জাতিক প্রযুক্তি শীর্ষ সম্মেলন (নভেম্বর 29 ডিসেম্বর 01, 2022)

নভেম্বর 28, 2022

আন্তর্জাতিক প্রযুক্তি শীর্ষ সম্মেলন বা দ্য গ্লোবাল টেকনোলজী সামিট(জিটিএস) হল ভূপ্রযুক্তির উপরে ভারতের একটি বাৎসরিক ক্ল্যাগশিপ অনুষ্ঠান,যেটি ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক এবং কার্ণেগী দ্বারা যৌথভাবে 2016 সাল থেকে প্রতি বছর অনুষ্ঠিত হয়ে আসছে।

জিটিএস-এর সপ্তম অধিবেশন 29শে নভেম্বর থেকে 01 ডিসেম্বর 2022-এ নিউ দিল্লিতে হাইব্রিড ফরম্যাটে অনুষ্ঠিত হবে।এবছরের শীর্ষ সম্মেলনের মূলভাব হল ‘ প্রযুক্তির ভূরাজনীতি’বা “জিওপলিটিক্স অব টেকনোলজী’

তিনদিন ধরে প্রযুক্তি , সরকারি, সুরক্ষা, মহাকাশ, ডেটা, স্টার্টস আপ, আইন, জনস্বাস্থ্য, জলবায়ু পরিবর্তন, শিক্ষা, অর্থনীতি ইত্যাদি ক্ষেত্রের পৃথিবীর প্রথমসারির চিন্তাশীলরা একত্রিত হবেন এবং উন্নয়নের জন্য ডেটা এবং ভারতের জি 20 –র সভাপতিত্বের ভাবনার জন্য প্রযুক্তির সুবিধা এবং প্রতিবন্ধকতা, স্বায়িত্ব, টেকনোলজী ডোমেইনে উদীয়মান ভূরাজনীতি বিষয়ে প্রযুক্তি এবং এর ভবিষ্যৎ সম্পর্কিত জরুরী প্রশ্ন নিয়ে বিতর্কে অংশগ্রহণ করবেন।

জিটিএস 2022 – এ 50 টিরও বেশী প্যানেল জুড়ে আলোচনা, মুখ্য বক্তব্য, গ্রন্থ প্রকাশ এবং অন্যান্য অনুষ্ঠানে 100 রও বেশী অংশগ্রহণকারীর উপস্থিতি লক্ষ্য করা যাবে। আমেরিকা, সিঙ্গাপুর জাপান, নাইজেরিয়া, ব্রাজিল, ভুটান, ইইউ এবং অন্যান্য দেশও শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবে। শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানটি ভূ-ডিজিটাল এবং এর প্রভাবের উপরে ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ডঃ; এস জয়শংকরের একটি বার্তালাপ দিয়ে শুরু হবে।

সারা বিশ্ব থেকে 5000-এর বেশী অংশগ্রহণকারীরা এই শীর্ষ সম্মেলনে যোগাযোগ করার জন্য নাম নথিভুক্ত করেছে। কয়েকহাজার জন জিটিএস অয়েবসাইটের মাধ্যমে যোগাযোগ করবেন। বিশাল সংখ্যক অংশগ্রহণকারী জিটিএস সামিট ওয়েবসাইট এবং কার্ণেগী ইন্ডিয়াস ইউ টিউব সোশ্যাল মিডিয়া পেজের মাধ্যমে বার্তালাপ করবেন।

এজেন্ডা এবং বক্তা সহ এবং ভার্সুয়ালী অংশগ্রহণ করার জন্য নাম নথিভুক্ত করা সহ শীর্ষসম্মেলনের বিষয়ে রও জানার জন্য অনুগ্রহ করে সামিট প্লাটফর্মঃ [www.gts2022.com](http://www.gts2022.com) দেখুন।

নিউ দিল্লি

নভেম্বর 28, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.